



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



জাতির পিতা বঙ্গবন্ধু-এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদযাপন
উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত



৩০ মে ২০২৩- মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদযাপন উপলক্ষে বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী, এম.পি. বলেন, 'নোবেল শান্তি পুরস্কারকে অশান্তির কাজে লাগাতে যুদ্ধবাজ আমেরিকা রাজনীতিবিদ হিলারি ক্লিনটনের সাথে গাঁট বেঁধেছেন ড. ইউনুস। বিএনপি-জামায়াত জোট বাইডেন প্রশাসনে তদবিরকারক (লবিষ্ট) নিয়োগ দিয়েছে, এমনকি ইউরোপ ইউনিয়নেও। তাদেরকে পথ দেখাচ্ছেন এবং এদের তদবিরকে ভিত্তি দিচ্ছে তিনি। ড. ইউনুস অনেক জায়গায় বলেছেন, জীবনের শেষে এসেও প্রতিশোধ নেবেন। এই প্রেক্ষিতেই বিদেশীরা আমাদের অভ্যন্তরীণ বিষয়ে অতি উৎসাহী হয়ে ওঠেছে।'



সভাপতির বক্তব্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বলেন, ‘বঙ্গবন্ধু কতটা শান্তি প্রিয় ছিলেন তা তাঁর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণে প্রতিফলিত হয়েছে। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে ঐক্যবদ্ধ থেকে বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করতে হবে। আসন্ন জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে অন্তর্জাতিক অনৈতিক চাপ সম্পর্কে সজাগ থাকতে হবে। উন্নয়নের ধারবাহিকতা রক্ষায় এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারকে আরো একবার সুযোগ দিতে হবে।’

আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস এবং প্রবন্ধের ওপর আলোকপাত করেন ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম।

সহকারী অধ্যাপক মোঃ মিনহাজ উদ্দীন-এর সঞ্চালনায় বক্তব্য প্রদান করেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাসুম বিল্লাহ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আবুল কালাম মোঃ লুৎফর রহমান, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



বিশ্ববিদ্যালয়ের সভাপতি মোঃ ইব্রাহিম ফরাজী, সাধারণ সম্পাদক এস এম আকতার হোসাইন প্রমুখ।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, ছাত্রনেতৃবৃন্দ, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।